

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
চিকিৎসা শিক্ষা-২ শাখা
www.mohfw.gov.bd

স্মারক নং-স্বাপকম/চিশি-২/বেসমেক-০৪/২০০০(অংশ-২)/২৩১


তারিখঃ ২৫-০৫-২০১৭খ্রিঃ

বিষয়ঃ **University of Science and Technology of Chittagong (USTC)** এ অধ্যয়নরত মালদ্বীপের শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন প্রসঙ্গে।

প্রাপ্ত ফ্যাক্স বার্তা নং ১৯.০১.৯৬০১.১০১.৪৫.০৩৫.১৭ তারিখ: ১২ এপ্রিল ২০১৭ এবং তদসঙ্গে মালদ্বীপের পররাষ্ট্র মন্ত্রণালয় হতে প্রাপ্ত নোট ভারবাল নং-**25-SA/BGD-B/2017/39** তারিখ: ০৯ এপ্রিল ২০১৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাননীয় মন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে গত ০৯-০২-২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভায় বেসরকারি ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজী, চিটাগাং (ইউএসটিসি) এর সার্বিক অবস্থা পর্যালোচনা এবং অধ্যয়নরত দেশি এবং বিদেশি শিক্ষার্থীদের কথা বিবেচনা করে অনিয়মের দায়ে প্রতিষ্ঠানটিকে সর্বমোট ১০,০০,০০,০০০/- (দশ কোটি) টাকা জরিমানা করা হয়। সেই সাথে বেসরকারি মেডিকেল কলেজ স্থাপন ও পরিচালনা নীতিমালা ২০১১ (সংশোধিত) এর সকল বিধি-বিধানসহ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং বিএমএন্ডডিসি এর শর্তসমূহ প্রতিষ্ঠানটি প্রতিপালন করবে মর্মে মুচলেকা মন্ত্রণালয়ে জমা দিতে স্বাপকম/চিশি-২/বেসমেক ও ডেকহা-০১/২০১৬/৭৪ তারিখ ২২-০২-২০১৭ খ্রিঃ পত্রের মাধ্যমে অবহিত করা হয়। বর্ণিত শর্ত প্রতিপালিত হলে অধ্যয়নরত শিক্ষার্থীদের ভর্তির ভূতাপেক্ষ অনুমোদনের বিষয়টি বিবেচনা করা হবে মর্মে উপাচার্য,বেসরকারি ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজী, চিটাগাং (ইউএসটিসি) কে জানিয়ে দেওয়া হয়। সে মোতাবেক ইউএসটিসি কর্তৃপক্ষ গত ০৬-০৪-২০১৭ খ্রিঃ তারিখে মুচলেকার একটি ফটোকপি মন্ত্রণালয়ে প্রেরণ করে এবং ০৯-০৪-২০১৭ খ্রিঃ তারিখে ৩,০০,০০,০০০/- (তিন কোটি) টাকা পরিশোধ করে চালানোর ফটোকপি মন্ত্রণালয়ে প্রেরণ করে। এছাড়া অবশিষ্ট ৭,০০,০০,০০০/- (সাত কোটি) টাকা কিস্তিতে পরিশোধের জন্য অনুরোধ করেন। তাদের আবেদন বিবেচনাপূর্বক স্বাপকম/চিশি-২/বেসমেক-০৪/২০০০ (অংশ-২)/১৭৪ তারিখঃ ১৯-০৪-২০১৭ খ্রিঃ পত্র মারফত ২০১১-১২ শিক্ষাবর্ষের ৪১০ জন, ২০১২-১৩ শিক্ষাবর্ষের জন্য ৪১৪ জন, ২০১৩-১৪ শিক্ষাবর্ষের ২৮০ জন, ২০১৪-১৫ শিক্ষাবর্ষের ৯০ জন এবং ২০১৫-১৬ শিক্ষাবর্ষের জন্য ১৫০ জন শিক্ষার্থী ভর্তির ভূতাপেক্ষ অনুমোদন প্রদানের বিষয়টি বিবেচনায় এনে অবশিষ্ট ৭,০০,০০,০০০/- (সাত কোটি) টাকা ০৩ (তিন) টি কিস্তিতে পরিশোধের জন্য নির্দেশনা প্রদান করা হয়। ইতিমধ্যে গত ১৮-০৫-২০১৭ খ্রিঃ তারিখে ১ম কিস্তি বাবদ ২,৫০,০০,০০০/- (দুই কোটি পঞ্চাশ লক্ষ) টাকা পরিশোধ করেছে। অতএব এ পর্যন্ত ইউএসটিসি কর্তৃপক্ষ ৫,৫০,০০,০০০/- (পাঁচ কোটি পঞ্চাশ লক্ষ) টাকা পরিশোধ করেছে।

০২। এমতাবস্থায়, বিষয়টি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।


(বদরুন নাহার)
উপসচিব
ফোন-৯৫৪০৬৯০

সচিব

পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(দৃঃ আঃ সহকারি সচিব, আই ও)।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। রেজিস্ট্রার, বিএমএন্ডডিসি, ২০৩ সৈয়দ নজরুল ইসলাম স্মরণী (৮৬ বিজয়নগর), ঢাকা-১০০০।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৪। অতিরিক্ত-সচিব (চিকিৎসা শিক্ষা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।